(ক) সরকার কর্তৃক নিয়োগকৃত ১ (এক) জন চেয়ারম্যান;

(খ) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(গ) বিদ্যুৎ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঘ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা; এবং

(ঙ) সরকার কর্তৃক নিয়োগকৃত অনধিক ৫ (পাঁচ) জন পরিচালক।

(৩) উপ-ধারা (২) এর দফা (ক) এ উল্লিখিত চেয়ারম্যান এবং দফা (ঙ) এ উল্লিখিত পরিচালকগণ, ধারা ৯ এর বিধান সাপেক্ষে, পেট্রোলিয়াম, জ্বালানী, হিসাব-বিজ্ঞান, মার্কেটিং ও ব্যবস্থাপনা বিষয়ে পেশাগত বা শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের মধ্য হইতে সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং নিয়োজিত থাকিবেন।

(৪) পর্ষদের মনোনীত পরিচালকগণ ব্যতীত অন্যান্য পরিচালকগণ এবং চেয়ারম্যান কর্পোরেশনের সার্বক্ষণিক কর্মকর্তা হইবেন।

(৫) সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে চেয়ারম্যান এবং চেয়ারম্যানের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে মনোনীত পরিচালক ব্যতীত যে কোনো পরিচালক, স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, পদত্যাগপত্র গৃহীত হইবার তারিখ হইতে পদত্যাগ কার্যকর হইবে এবং পদত্যাগকারীর পদ শূন্য হইবে।

(৬) শুধুমাত্র কোন সদস্য পদে শূন্যতা থাকিবার জন্য বা অন্য কোনো কারণে পরিচালনা পর্ষদের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না বা উহার বৈধতা সম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

(৭) চেয়ারম্যান এবং সকল পরিচালকগণ ৫ বছরের জন্য নিয়োগপ্রাপ্ত হইবেন। পরবর্তীতে উক্ত নিয়োগ নবায়ন করা যাইতে পারে।

**চেয়ারম্যান ও পরিচালকগণের কার্যাবলী**

৮। (১) চেয়ারম্যান কর্পোরেশনের প্রধান নির্বাহী হইবেন।

(২) চেয়ারম্যান ও পরিচালকগণ বিধি দ্বারা নির্ধারিত বা পরিচালনা পর্ষদ কর্তৃক, সময় সময়, অর্পিত ক্ষমতা প্রয়োগ, কার্যসম্পাদন ও দায়িত্ব পালন করিবেন।

**চেয়ারম্যান ও পরিচালকগণের**

৯। (১) কোন ব্যক্তি চেয়ারম্যান বা পরিচালক হইবার বা থাকিবার যোগ্য হইবেন না, যদি তিনি -

(ক) বাংলাদেশের নাগরিক না হন;

